# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 13 July, 2025

টেস্ট ও ওয়ানডে সিরিজে হারের পর টি-টোয়েন্টি সিরিজেও ভালো শুরু করতে পারেনি বাংলাদেশ।ডাম্বুলায় সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে শ্রীলঙ্কার কাছে ৭ উইকেটের বড় ব্যবধানে হেরে যায় টাইগাররা।তাই আজ (রোববার) সিরিজের দ্বিতীয় ম্যাচে জয় ছাড়া কোনো বিকল্প নেই মেহেদী হাসান মিরাজের দলের সামনে।

টানা ব্যর্থতায় আছেন লিটন দাস।প্রথম টি-টোয়েন্টিতে ১১ বলে করেন মাত্র ৬ রান।এর আগে প্রথম ওয়ানডেতে রান না পাওয়ায় বাদ পড়েছিলেন বাকি দুই ম্যাচের একাদশ থেকে।ফর্মে না থাকলেও তার নেতৃত্বের ওপর আস্থা রাখছেন প্রধান কোচ ফিল সিমন্স।

এই সিরিজ শুরুর আগে পরিসংখ্যান ছিল বাংলাদেশের পক্ষে।শ্রীলঙ্কার মাটিতে দুই দল ছয়টি টি-টোয়েন্টিতে মুখোমুখি হয়েছে, যার মধ্যে তিনটি জিতেছে বাংলাদেশ। দুই দলের এখন পর্যন্ত মোট ১৮ টি-টোয়েন্টি মোকাবেলায় বাংলাদেশ জিতেছে ৬টি, বাকি ১২টি শ্রীলঙ্কা।

প্রথম ম্যাচে বাজে পারফরম্যান্সের পর একাদশে পরিবর্তন আনার কথা ভাবছে বাংলাদেশ। ব্যাটিং লাইনআপে ফিরতে পারেন জাকের আলী অনিক।আর বোলিংয়ে তাসকিন আহমেদের পরিবর্তে সুযোগ পেতে পারেন মুস্তাফিজুর রহমান।

ম্যাচের সময় ও ভেন্যু

তারিখ: রোববার, ১৩ জুলাই ২০২৫

সময়: বাংলাদেশ সময় সন্ধ্যা ৭:৩০টা

স্থান: রংগিরি ডাম্বুলা আন্তর্জাতিক স্টেডিয়াম, শ্রীলঙ্কা

বাংলাদেশের সম্ভাব্য একাদশ:

তানজিদ হাসান তামিম, পারভেজ হোসেন ইমন, লিটন দাস (অধিনায়ক), তাওহীদ হৃদয়, জাকের আলী অনিক, শামীম হোসেন পাটোয়ারী, মেহেদী হাসান মিরাজ, তানজিম হাসান সাকিব, মোহাম্মদ সাইফউদ্দিন, রিশাদ হোসেন, মুস্তাফিজুর রহমান।

শ্রীলঙ্কার সম্ভাব্য একাদশ:

পাথুম নিশাঙ্কা, কুশল মেন্ডিস (উইকেটরক্ষক), কুশল পেরেরা, আভিষ্কা ফার্নান্দো, চারিথ আসালাঙ্কা (অধিনায়ক), দাসুন শানাকা, চামিকা করুণারত্নে, জেফরে ভ্যান্ডারসে, মহেশ থিকশানা, নুয়ান থুসারা, বিনুরা ফার্নান্দো।

লিটন দাস মুস্তাফিজুর রহমান তাসকিন আহমেদ জাকের আলী অনিক বাংলাদেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:59

URL: https://timestodaybd.com/public/sports/4673775807